# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**27 SEPTEMBER 2025 7:45—7:55 PM**

---

১) জুবিন গার্গের মৃত্যুর ঘটনা সম্পর্কে শ্যামকানু মহন্ত এবং সিদ্ধার্থ শর্মাকে লুকাউট নোটিশ জারী । নিশিতা গোস্বামী , শেখরজ্যোতি গোস্বামী ও অমৃতপ্রভা মহন্তকে সি আই ডি-র জিজ্ঞাসাবাদ ।

২) বি টি সি নির্বাচনে বি পি এফ দল একক সংখ্যা গরিষ্ঠতা লাভ করে পুনরায় ক্ষমতায়।

৩) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর আজ বি এস এন এল-এর স্বদেশী ফোর-জি নেট ওয়ার্কের সূচনা । গৌহাটিতে কেন্দ্রীয় মন্ত্রী জ্যোতিরাদিত্ত সিন্ধিয়া ও মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মার এই অনুষ্ঠানে অংশগ্রহণ ।

এবং

৪) শারদীয় দুর্গোৎসবের আগামীকাল মহাষষ্ঠী ।

------------------------------------------------------------------------------------

সঙ্গীত শিল্পী জুবিন গার্গের মৃত্যুর ঘটনার মূল অভিযুক্ত শ্যামকানু মহন্ত এবং সিদ্ধার্থ শর্মার বিরুদ্ধে আসাম পুলিশ লুক-আউট নোটিশ জারী করেছে । এই দুই অভিযুক্ত কোন ভাবেই যাতে ভারত ছেড়ে যেতে না পারে সেই উদ্দেশ্যে ইন্টারপোলের মাধ্যমে আসাম পুলিশ এই নোটিশ জারী করেছে । মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মা আজ সংবাদ মাধ্যমকে জানিয়েছেন যে জুবিন গার্গের মৃত্যুর তদন্ত প্রক্রিয়া যথেষ্ট অগ্রগতি লাভ করেছে । তিনি জানান যে রাজ্যসরকার সিঙ্গাপুরে অবস্থিত ভারতের রাষ্ট্রদূতের মাধ্যমে ৮ জন প্রবাসী আসমীয়া সম্প্রদায় মানুষকে নোটিশ জারী করেছে । আগামী ৬ অক্টোবরের মধ্যে শ্যামকানু মহন্ত এবং সিদ্ধার্থ শর্মার সঙ্গে অন্যান্য অভিযুক্তদের সি আই ডি কার্যালয়ে হাজির হতে নির্দেশ দেওয়া হয়েছে । বাইট------

কেন্দ্রীয়মন্ত্রী জ্যোতিরাদিত্ত সিন্ধিয়া আজ জুবিন গার্গের কাহিলিপাড়ার বাসগৃহে উপস্থিত হয়ে প্রয়াত শিল্পীর প্রতি শ্রদ্ধার্ঘ অর্পন করেন । তিনি জুবিন গার্গের পত্নি গরিমা গার্গের সঙ্গেও মত বিনিময় করেন । সি আর পি ফ-এর সঞ্চালক প্রধান জি পি সিংও আজ জুবিন গার্গের বাড়িতে গিয়ে তার স্মৃতির প্রতি শ্রদ্ধা নিবেদন করেন ।

এদিকে জুবিন গার্গের মৃত্যু সম্পর্কে অভিনেত্রী নিশিতা গোস্বামী , বাদ্যযন্ত্রবাদক শেখরজ্যোতি গোস্বামী এবং কন্ঠশিল্পী অমৃতপ্রভা মহন্ত আজ গৌহাটি উলুবারির সি আই ডি কার্যালয়ে হাজির হয়েছেন । জুবিন গার্গের রহস্যজনক মৃত্যুর সময় সিঙ্গাপুরে থাকা এই তিনজনকে জিজ্ঞাসাবাদের জন্য এস আই টি সমন জারী করেছিল ।

---------------------------------------------------------------------------------------

বি টি সি নির্বাচনে বি পি এফ দল একক সংখ্যা গরিষ্ঠতা লাভ করে পুনরায় ক্ষমতায় প্রত্যাবর্তন করেছে । বি টি আর-এর ৫টি জেলার ৪০টি পরিষদীয় আসনের ভোট গণনার পর বি পি এফ দল ২৮টি আসনে জয়লাভ করেছে , অন্যদিকে ক্ষমতাশীন ইউ পি পি এল দল ৭টি এবং বি জে পি ৫টি আসন লাভ করেছে । জেলা প্রশাসনের কঠোর সুরক্ষা ব্যবস্থার মাধ্যে গতকাল থেকে শুরু হওয়া ভোট গণনা আজ সকালে শান্তিপূর্ণভাবে শেষ হয়েছে । উল্লেখ্য যে বি টি সি প্রধান প্রমোদ বড়ো এবারের নির্বাচনে গয়বারী আসন থেকে জয়লাভ করেছেন । বি পি এফ-এর সভাপতি হাগ্রামা মহিলারি দেওরগাও আসন থেকে জয়লাভ করেছেন । তামুলপুর জেলার ৫টি পরিষদীয় আসনে বি জে পি ২টি , বি পি এফ ২টি এবং ইউ পি পি এল দল ১টি আসনে জয়লাভ করেছে । ওদালগুড়ি জেলায় বি পি এফ ৭টি , বি জে পি ২টি এবং ইউ পি পি এল ১টি আসনে জয়লাভ করেছে । বাক্সা জেলার ৬টি পরিষদীয় আসনের মধ্যে ৩টি বি পি এফ , ২টি ইউ পি পি এল এবং ১টি আসনে বি জে পি জয়লাভ করেছে । চিরাং জেলার মোট ৭টি পরিষদীয় আসনের মধ্যে বি পি এফ ৫টি এবং ইউ পি পি এল ২টি আসনে জয়লাভ করেছে । নির্বাচনের ফলাফল আনুষ্ঠানিকভাবে ঘোষণা করার পর বি পি এফ দলের প্রধান হাগ্রামা মহিলারীর পৌরহিত্যে কোকরাঝারের বড়োল্যান্ড অতিথিশালায় আজ দলের এক বৈঠক অনুষ্ঠিত হয় । বৈঠকে দলের নবনির্বাচিত এম সি এমদের সঙ্গে দলের কয়েকজন প্রবীন নেতা উপস্থিত ছিলেন । এই বৈঠকে মূলত বি টি এ ডি-তে সরকার গঠন প্রক্রিয়া নিয়ে আলোচনা অনুষ্ঠিত হয় ।

মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মা  নির্বাচনে জয়লাভ করার জন্য বি পি এফ দলকে শুভেচ্ছা জানানো সহ এন ডি এর সহযোগী দল হিসেবে বি পি এফ-এর সঙ্গে সরকার একযোগে কাজ করে যাবে বলেও মন্তব্য করেন ।

---------------------------------------------------------------------------------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ ওরিষ্যা থেকে ভার্চুয়াল ব্যবস্থার মাধ্যমে সমগ্র দেশে ৩৭ হাজার কোটি টাকা ব্যায়সাপেক্ষে স্বদেশী প্রযুক্তিতে নির্মীত ৯৭ হাজার ৫শোটি ফোর-জি মোবাইল টাওয়ারের উদ্বোধন করেন । এই উপলক্ষে আজ গৌহাটিতে আয়োজিত কার্যসূচির মাধ্যমে কেন্দ্রীয় মন্ত্রী জ্যোতিরাদিত্য সিন্ধিয়া এবং মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মা অনুষ্ঠানে অংশগ্রহণ করেন । ফোর-জি নেট ওয়ার্কের উদ্বোধনী কার্যসূচির প্রাক মুহুর্তে কেন্দ্রীয় মন্ত্রী শ্রী সিন্ধিয়া এবং টাটা সন্সের অধ্যক্ষ এম চন্দ্রশেখরণের সঙ্গে মুখ্যমন্ত্রী আসামের প্রীয় শিল্পী সদ্য প্রয়াত জুবিন গার্গের প্রতি শ্রদ্ধাঞ্জলী অর্পন করেন । মুখ্যমন্ত্রী দূরসংযোগের সঙ্গে যুক্ত সব প্রযুক্তি স্বদেশী করার ওপর গুরুত্ব আরোপ করেন ।

---------------------------------------------------------------------------------------

পঞ্চায়েতরাজ মন্ত্রনালয় দেশব্যাপী আগামী দোসরা অক্টোবর জন পরিকল্পনা অভিযান সব-কি-যোজনা , সব-কি-বিকাশ অভিযান আরম্ভ করবে । এক বিবৃতিতে মন্ত্রনালয় জানিয়েছে যে এই দেশব্যাপী অভিযানে ২০২৬-২৭ অর্থ বছরের জন্য পঞ্চায়েত বিকাশ পরিকল্পনার প্রস্তুতির ওপর গুরুত্ব আরোপ করা হবে । গ্রামাঞ্চলে পরিসেবা উন্নিতকরণ , বিকাশের ক্ষেত্রে স্থানীয় প্রশাসনকে স্বচ্ছ এবং অংশীদারিত্বমূলক করে তুলাই হচ্ছে জনপরিকল্পনা অভিযানের মূল লক্ষ্য । মন্ত্রনালয় আরো জানিয়েছে যে এই অভিযানে আদি কর্মযোগী অভিযানের অধীনে জনজাতি সম্প্রদায়ের লোকেদের সাবলিকরণের ওপর গুরুত্ব প্রদান করা হবে ।

---------------------------------------------------------------------------------------

পাঁচদিন ব্যাপী শারদীয় দূগোৎসবের আগামীকাল মহাষষ্ঠী । এউপলক্ষে প্রস্তুতি সম্পূর্ন হয়ে উঠেছে । মহাষষ্ঠীতে দেবী দূর্গাকে বোধনের মধ্য দিয়ে পাঁচদিনব্যাপী দূগোৎসবের সূচনা হয়ে যায় । এদিকে তৃতীয়া চতুর্থী থেকেই বেশ কিছু মন্ডপ উদ্ভোধন করা হয়েছে । আজ অর্থাৎ পঞ্চমীতে দূর্গা প্রতিমাকে মন্ডপে মন্ডপে নিয়ে যেতে দেখা যাচ্চে । এদিকে আলোকসজ্জা মন্ডপজ্জা দেখতে কিছু কিছু মন্ডপে দর্শনার্থীদের ভীড় ও পরিলক্ষিত হচ্ছে ।

শিলচর রাধামাধব রোডের মিতালি সংঘ প্রতিবছরই শৈল্পিকতা ও নতুনত্বের জন্যে নজির সৃষ্টি করে । বিগ বাজেটের অন্যতম মিতালি সংঘ এবার দর্শনার্থীদের জন্য প্যারিসের আইফেল টাউয়ার তৈরী করেছে । বিশ্ববিখ্যাত সুউচ্চ এই টাওয়ারের আদলেই মন্ডপ তৈরী হয়েছে ।মন্ডপসজ্জার দায়িত্বে শিলচরের শিল্পীরাই রয়েছেন ।

এবার এই পূজো ৪৪ তম বছরে পা দিয়েছে ।আজ পঞ্চমীতেই এই মন্ডপ দর্শনার্থীদের জন্য খুলে দেওয়া হয়েছে ।এছাড়া আলোসজ্জা ও দর্শনার্থীদের আকর্ষন করবে ।

শিলচরের চেংকুড়ি গ্রামের কচুদরম সার্বজনীন দুর্গোৎসব কমিটি ভগবান বিষ্ণুর দশাবতার আর সমুদ্র মন্থনের থিম তৈরী করে টানা দুবছর যেভাবে সাড়া ফেলেছিল এবার ও দুবিঘার বিশাল পুকুর জুড়ে সাজানো হয়েছে পৌরনিক কাহিনীর নিখুত দৃশ্যাবলী ।বাঁশের সাকো পেরিয়ে জলভাসা মঞ্চে পৌছে চোখের সামনে ফুটে উঠবে কুরুক্ষেত্রের যুদ্ধ , শ্রীকৃষ্ণের বিশ্বরুপ , ভীষ্মের শরশয্যা নেওয়ার ঠিক আগের মুহূর্ত ইত্যাদি ।

এদিকে ডাঙায় স্কুল মাঠে তেরী হয়েছে ইন্দ্রপস্থের রাজসভার প্রতিরুপ , যেখানে কৌরব পান্ডব , ধৃতরাষ্ট্র , দ্রোণ ,ভীষ্ম সবাই যেন জীবন্ত হয়ে বসে থাকবেন পাশা খেলায় ।

---------------------------------------------------------------------------------------

হাইলাকান্দি জেলায় পরিবেশ বান্ধব দুর্গোৎসব পালনের জন্য প্রশাসন থেকে নির্দেশিকা জারি করা হয়েছে । এই নির্দেশিকায় রাজ্য সরকারের পরিবেশ বিভাগের ২০২৩ সালের ২৩ শে আগষ্ট জারি করা প্রদূষণ নিয়ন্ত্রণ এবং প্রতিরোধ সংক্রান্ত সব কটি ধারা যথাযতভাবে মেনে চলতে বলা হয়েছে ।এর অধীনে প্রতিমা গড়ার ক্ষেত্রে প্রাকৃতিক কাদামাটি ব্যবহার করতে হবে । মন্ডপ সজ্জায় থার্মোকল বা যেকোনো ধরনের অপচনশীল সামগ্রীর ব্যবহার করা যাবেনা । প্রসাদ বিতরণের ক্ষেত্রে ও পরিবেশ বান্ধব সামগ্রী ব্যবহার করতে হবে ।রাত ১০ টা থেকে সকাল ৮ টা পর্যন্ত মাইক বন্ধ রাখতে হবে ।এছাড়া অন্যসময় ও শব্দ দূষণ নীতি মেনে চলতে বলা হয়েছে ।পূজা কমিটিগুলিকে এই নির্দেশিকা মেনে চলতে প্রশাসন থেকে আবেদন জানানো হয়েছে ।

---------------------------------------------------------------------------------------

রাজ্যের খাদ্য গণবন্টন এবং বরাক উপত্যকা উন্নয়ন বিভাগের মন্ত্রী কৌশিক রাই বলেছেন যে আসাম সরকার বিহু ও ঝুমুর নৃত্যের ন্যায় বরাক উপত্যকায় এবার বৃহৎ আকারে বাঙ্গালীর চিরাচরিত ধামাইল নৃত্য তথা ধামাইল মহোৎসব অনুষ্ঠিত করার পরিকল্পনা হাতে নিয়েছে । আসাম সরকারের সাংস্কৃতিক মন্ত্রনালয় এই উৎসব সফলভাবে সম্পন্ন করতে একটি কমিটিও গঠন করবে বলে তিনি জানান । বরাক উপত্যকার লোকসংস্কৃতি চর্চা বিষয়ক সংগঠন সম্মিলিত লোক পরিষদ-এর এক প্রতিনিধি দল গতকাল শিলচর আবর্ত ভবনে গিয়ে মন্ত্রী শ্রী কৌশিক রাই-এর সঙ্গে

সাক্ষাৎ করে বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা করার সময় তিনি প্রতিনিধি দলকে এ কথা জানান ।

---------------------------------------------------------------------------------

শ্রীভূমি পৌরসভার কার্যবাহী আধিকারিক এক বিজ্ঞপ্তীতে শহরের দূর্গাপূজা কমিটির সভাপতি ও সম্পাদকদের পূজো মন্ডপের পাশে পৃথক দুটি ডাস্টবিন রাখতে আহ্বান জানিয়েছেন । পৌরকতৃপক্ষ থেকে পুজোর সময় প্রতিদিন সকাল ও রাতে এই ডাস্টবিনের আবর্জনা তুলে নেওয়া হবে ।

---------------------------------------------------------------------------------